

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৪২

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة) পরিচ্ছেদঃ (২৩) কিয়ামুল লাইল

# 23 \_ فَصْلٌ فِي قِيَام اللَّيْلِ

#### আরবী

2542 \_ أَخْبُرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الْحَنْطَلِيُّ قَالَ: أَخْبَرَنَا عَبْدُ الرَّزَاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ قَتَادَةَ عَنْ زُرَارَةَ بْنِ أَوْفَى قَالَ: أَخْبَرِنَا عَبْدُ بْنُ هِشَامِ بْنِ عَامِرٍ و وَكَانَ جَارًا لَهُ -: أَنَّهُ قَالَ لِعَائِشَةَ: أَخْبِرِينِي عَنْ خُلُقُ نَبِيًّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ: أَلَسْتَ تَقُرَأُ الْقُرْآنَ؟ قُلْتُ: بَلَى قَالَتْ: خُلُقُ نَبِيًّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ الْقُرْآنَ قَالَ: فَهَمَمْتُ أَنْ أَقُومَ وَلَا أَسْأَلُهَا عَنْ شَيْءٍ فَقُلْتُ: يَا اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ: أَلْسُتَ تَقُرَأُ هَذِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ: أَلُسْتَ تَقُرَأُ هَذِهِ السَّورَةَ إِنَّا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ: قَالَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ: أَلُسْتَ تَقُرَأُ هَذِهِ السَّورَةَ فَقَامَ نبي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَصْحَابُهُ حَوْلًا حَتَّى الْقَوْمَ وَلَا اللَّهُ جَلَّ وَعَلَا الْقُدَرَضَ الْقَيْمَ فِي أَوْلِ هَذِهِ السورة فقام نبي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَصْحَابُهُ حَوْلًا حَتَّى الْقَفْحَتُ أَقْدَامُهُمْ وَأَمْسَكَ اللَّهُ خَاتِمَتَهَا اثْنَيْ عَشَرَ شَهْرًا فِي السَّمَاءِ ثُمَّ أَنْزَلَ اللَّهُ جَلَّ وَعَلَا الْتَعْفِيفَ فِي أَوْلِ هَذِهِ السورة فقام نبي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَصْحَابُهُ حُولًا حَتَّى الْتَقْخَتُ أَقْدَامُهُمْ وَأَمْسَكَ اللَّهُ خَاتِمَتَهَا اثْنَيْ عَشَرَ شَهْرًا فِي السَّمَاءِ ثُمَّ أَنْزَلَ اللَّهُ جَلَّ وَعَلَا التَّذُولَ اللَّهُ جَلَّ وَعَلَاهُ الْمُوانِي : سَعْدُ بْنُ فِشَامِ بْنِ عَامِرٍ المحدث : العلامة ناصر الدين الألباني اللَّهُ المصدر : وعَلَا التَعْفَقَتُ الصَالُ على صحيح أبن حبان الصفحة أو الرقم: 2542 ا خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

#### বাংলা

২৫৪২. সা'দ বিন হিশাম বিন আমির থেকে বর্ণিত, তিনি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে জিজ্ঞেস করেন, "আপনি আমাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চরিত্র সম্পর্কে অবহিত করুন।" জবাবে তিনি বলেন, "তুমি কি কুরআন পড়নি?" আমি বললাম, "অবশ্যই।" তিনি বলেন, "আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চরিত্র



ছিল হবহু কুরআন।" রাবী বলেন, "আমার মনে হলো যে, আমি উঠে যাব আর কোন কিছু সম্পর্কে জিজ্ঞেস করবো না। অতঃপর বললাম, "হে উম্মুল মু'মিনূন রাদ্বিয়াল্লাহু আনহা, আপনি আমাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কিয়াম সম্পর্কে অবহিত করুন।" জবাবে তিনি বলেন, "তুমি কি يَا أَيُّهَا الْمُزَّمِّلُ (হে চাদরাবৃত ব্যক্তি।—সূরা মুযাম্মিল: ১) পড়নি?" আমি বললাম, "জ্বী, পড়েছি।" তিনি বলেন, "নিশ্চয়ই আল্লাহ তা'আলা এই সূরার প্রথমে কিয়ামুল লাইল ফর্য করেছেন। অতঃপর আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর সাহাবীগণ এক বছর এতো অধিক পরিমাণ কিয়াম করেন যে, তাদের পা ফুলে যেতো। মহান আল্লাহ আয়াতের শেষাংশ ১২ মাস আসমানে রেখে দেন। তারপর মহান আল্লাহ সূরার শেষে সহজতার বিধান অবতীর্ণ করেন। ফলে কিয়ামুল লাইল ফর্যের পর নফলে পরিণত হয়।"[1]

### ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৭১৪; সহীহ ইবনু খুযাইমাহ: ১০৭৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সা'দ ইবন হিশাম (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন